

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.১১.০০১.১৭.১১৮৯

তারিখ: ৯ আশ্বিন ১৪২৫

২৪ সেপ্টেম্বর ২০১৮


বিষয়: জনাব মোঃ আজিজুল ইসলাম ভূইয়া, প্রাক্তন অধ্যক্ষ এর অবসর উত্তর ছুটি ও প্রাপ্য ছুটির বিনিময়ে এককালীন আর্থিক মঞ্জুরী প্রসংগে।

সূত্র: টিএসসি/বাংলা/২১৪ তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, বাহ্যারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ এর প্রাক্তন অধ্যক্ষ জনাব মোঃ আজিজুল ইসলাম ভূইয়া এর অবসর উত্তর ছুটি ও প্রাপ্য ছুটির বিনিময়ে এককালীন আর্থিক মঞ্জুরী প্রদানের জন্য প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজপত্রের ঘাটতি থাকায় নিম্ন বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

১.	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী সংস্থাপন মন্ত্রণালয় শাখা (বিধি-১) পরিপত্র নং-সম/আর-১০২ কপি এস-৬/৯১-৩০৮(২৫০), তারিখঃ ৫-১১-১৯৯ খ্রিঃ এর সিদ্ধান্ত (ঘ) অনুসরণ পূর্বক হিসাব রক্ষন অফিস কর্তৃক নির্ধারিত গেজেটেড ফরম নং ২৩৯৫ অনুযায়ী ছুটির হিসাব।	০২ কপি
২.	হিসাব রক্ষন অফিস কর্তৃক নির্ধারিত ফরমে বছর ভিত্তিক চাকুরীর বিবরণী ও বেতন নির্ধারনীর (সার্ভিস স্টেটমেন্ট) এর মূল কপি এবং চাকুরী বহি।	০২ কপি
৩.	আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে কর্মরত সকল প্রতিষ্ঠানের না-দাবী প্রত্যয়ন পত্রের মূল কপি। (কোন প্রকার রূপান্তরিকি পাওনাদি অডিট আপত্তি এবং কোন মামলা সংক্রান্ত বিষয় আছে কিনা উল্লেখ পূর্বক না-দাবী প্রত্যয়ন পত্র প্রয়োজন)।	০২ কপি

উল্লিখিত তথ্য সমূহ সংযোজন পূর্বক পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রত্যব প্রেরন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



ড. মো: নূরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, বাহ্যারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.১১.০০১.১৭.১১৮৯/১

তারিখ: ৯ আশ্বিন ১৪২৫

২৪ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তা, বাহ্যারামপুর, ব্রাহ্মণবাড়ীয়া।

২) সংযুক্ত কর্মকর্তা, ই.এম.আই.এস.সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

৩) জনাব মোঃ আজিজুল ইসলাম ভূইয়া, প্রাক্তন – অধ্যক্ষ, বাহ্যারামপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, ব্রাহ্মণবাড়ীয়া।

৪) সংরক্ষণ নথি।



মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক